



# টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি)

জয়পুরপাড়া, বগুড়া।

## কোভিড-১৯ প্রাদুর্ভাবকালীন শিক্ষার্থী ও অভিভাবকগণের জন্য প্রতিপালনীয় বিষয়সমূহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত স্মারক নম্বর: ৩৭.০২.০০০০. ১০৬.২৭.০০১.২০.৫০৩, তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২১ মোতাবেক কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণ নির্দেশনা অনুযায়ী টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, বগুড়া-এর শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে শিক্ষার্থী ও অভিভাবকগণকে অবশ্যই নিম্নবর্ণিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

- ০১। শিক্ষার্থী ও অভিভাবকগণকে অবশ্যই ০৩ (তিন) ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- ০২। শিক্ষার্থী ও অভিভাবকগণকে অবশ্যই মাস্ক পরিধান করে প্রতিষ্ঠানে আসতে হবে এবং কোনক্রমেই মাস্ক খুলে রাখা যাবে না।
- ০৩। No Mask No School শ্লোগানটি শিক্ষার্থী ও অভিভাবকগণকে অবশ্যই মেনে চলতে হবে।
- ০৪। একই মাস্ক একাধিক দিন পরিধান করা যাবে না। করলেও ভালোভাবে ধুয়ে পরিষ্কার করে পরিধান করতে হবে।
- ০৫। হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চলতে হবে। হাঁচি-কাশি দেয়ার সময় কনুই দিয়ে নাক ও মুখ ঢেকে ফেলতে হবে এবং হাঁচি-কাশি দেয়ার পর নিয়ম মেনে হাত ও মুখ ধুতে হবে।
- ০৬। যেখানে সেখানে কফ ও থুতু ফেলা যাবে না।
- ০৭। ঘন ঘন হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।
- ০৮। প্রতিষ্ঠানে প্রবেশের সময় অবশ্যই জীবানুনাশক স্প্রে মেশিনের ভিতর দিয়ে প্রবেশ করতে হবে।
- ০৯। ক্ষারযুক্ত সাবান বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে ভালোভাবে হাত না ধুয়ে কোনো অবস্থাতেই নাকে, মুখে ও চোখে হাত দেয়া যাবে না।
- ১০। কোনো কিছু খাওয়ার পূর্বে অবশ্যই ক্ষারযুক্ত সাবান বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধুতে হবে।
- ১১। অন্যজনের শরীর ও হাতের সঙ্গে স্পর্শ হতে বিরত থাকতে হবে।
- ১২। ধুলাবালি হতে সর্বদা দূরত্ব বজায় রাখতে হবে।
- ১৩। প্রতিদিন শরীরের তাপমাত্রা মেপে প্রতিষ্ঠানে প্রবেশ করতে হবে।
- ১৪। জ্বর, সর্দি, কাশি, গলা ব্যাথা ও গা ব্যাথা হলে প্রতিষ্ঠানে উপস্থিত হওয়া যাবে না।
- ১৫। জ্বর, সর্দি, কাশি, গলা ব্যাথা ও গা ব্যাথা হলে তা গোপন রাখা যাবে না।
- ১৬। প্রতিদিন পরিষ্কার-পরিচ্ছন্ন পোশাক/ইউনিফর্ম পরিধান করে প্রতিষ্ঠানে আসতে হবে।
- ১৭। অভিভাবকগণকে অবশ্যই প্রতিদিন শিক্ষার্থীদের ব্যাগে ছোট ১টি হ্যান্ড স্যানিটাইজার ও অতিরিক্ত মাস্ক তুলে দিতে হবে।
- ১৮। এছাড়াও কোনো কিছু জানার থাকলে সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষকের সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

  
অধ্যক্ষ